# ব্যাপ্টিষ্ট সম্প্রদায়ের অভ্যন্তরীন সম্পর্ক বিষয়ক নীতিমালা ও নির্দেশাবলী

(জেনারেল সেক্রেটারীর বিশেষ কমিশন কর্তৃক প্রস্তাবিত)

## প্রস্তাবনা ঃ ব্যাপ্টিষ্ট ওয়ার্ল্ড এ্যালায়েন্স ঃ একতা এবং ভিন্নতা

১। "ব্যাপ্টিষ্ট ওয়ার্ল্ড এ্যালায়েন্স পৃথিবীর প্রতিটি অংশে বিস্তার লাভ করছে এবং এটি প্রভু যীশু খ্রীষ্টেতে ব্যাপ্টিষ্ট জনগণের অত্যাবশ্যকীয় ঐক্যের একটি প্রকাশ হিসেবে বিদ্যমান রয়েছে"[১]।

২। ব্যাপ্টিষ্ট ওয়ার্ল্ড এ্যালায়েন্স (BWA) ব্যাপ্টিষ্টদের বিশ্বব্যাপী একটি আন্দোলন হিসেবে বিদ্যমান যা ঈশ্বরের ভালবাসার দ্বারা একতাবদ্ধ হয়ে যীশু খ্রীষ্টেতে বিশ্বাসের একই স্বীকারোক্তি ঘোষণা করছে যেন একে অন্যকে উৎসাহ ও শক্তি যোগাতে পারে, আর একই সময়ে হারানো ও আঘাতপ্রাপ্ত পৃথিবীতে পবিত্র আত্মার ক্ষমতায় যীশু খ্রীষ্টের জীবন্ত সুসমাচার ঘোষণা করছে। [২]

৩। BWA পাঁচটি অঙ্গীকার একত্রীভূত করে এর কাজকে সংগঠিত করে থাকে যার মধ্যে রয়েছে, আরাধনা ও সহভাগিতায় একত্রে যুক্ত হওয়া, মিশন ও সুসমাচার প্রচারের জন্য অন্তরে গভীর অনুরাগ পোষণ করা, ধর্মীয় স্বাধীনতা ও মানবিক অধিকারকে সমর্থন করা, ত্রাণ ও টেকসই উন্নয়নের মাধ্যমে মানবিক প্রয়োজনে সাড়া দেওয়া এবং প্রাসঙ্গীক ধর্মতাত্বিক প্রতিফলনের অগ্রগতি সাধনে সহায়তা করা। [৩]

৪। সূচনালগ্ন থেকেই BWA "সারা পৃথিবীব্যাপী ব্যাপ্টিষ্ট আচরণবিধি ও বিশ্বাস সম্বলিত চার্চসমূহের" একটি পরিবার হবার বিষয়টি উপলব্ধি করে আসছিল"[৪]। পূর্ববর্তী বছরগুলোতে অবশ্য সদস্যপদ সাধারণত: পাশ্চাত্য দেশীয় ভাব ধারায় কনভেনশন ও ইউনিয়ন আকারে গঠিত হত। বিগত শতাব্দীতে BWA পরিবার বৃদ্ধি পেয়ে সত্যিকারভাবে বৃহদাকার একটি সংগঠনে পরিনত হয়েছে যার সদস্য পদের ব্যাপ্তি পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ সবদিকে ছড়িয়ে গেছে। ৪. BWA সংবিধান

৫। BWA এর সদস্য পদের বৃদ্ধি সংস্কৃতিগত ভিন্নতার মধ্য দিয়ে চিহ্নিত করা যায়। এ ভিন্নতার মধ্যে রয়েছে ভিন্ন ভিন্ন সংস্কৃতি, ভাষা, প্রথা, ইতিহাস, জাতিগত পরিচিতি, ধর্মতাত্বিক চেতনা প্রকাশ পদ্ধতি, এবং বিভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপটে ব্যক্তিগত ও সম্প্রদায়গতভাবে খ্রীষ্টের সাথে সাক্ষাৎ লাভ, ঈশ্বরের অনুগ্রহে বহু ভিন্নতার সমষ্ঠি যে খ্রীষ্টের দেহ তার সাথে BWA দৃশ্যমানভাবে প্রতিফলন ঘটিয়ে থাকে। [৫]

৬। সদস্য পদের মধ্যকার ভিন্নতা সত্বেও BWA ঐক্যের প্রতি অঙ্গীকার টিকিয়ে রাখতে বদ্ধ পরিকর। এটি স্মরণ করিয়ে দেয় যে, ভিন্নতা ঈশ্বর প্রদত্ত একটি দান, আর তাই এটি আবশ্যকীয় যে, সুস্পষ্ট ও সুনির্দিষ্ট কিছু চ্যালেঞ্জ থাকা সত্বেও যেন ফলপ্রসূভাবে ঈশ্বরের রাজ্যকে তুলে ধরা যায়। যে লক্ষ্যে BWA প্রতিষ্ঠিত হয়েছে, তা অর্জন করার জন্য এবং BWA এর মধ্যকার সদস্যদের মধ্যে সহযোগিতার ভিত্তি অব্যাহত রাখার জন্য BWA অবশ্যই একটি সুক্ষ্ম ভারসাম্য বজায় রাখতে হবে। এ ভারসাম্য হল উদ্দেশ্য নিহিত ঐক্য এবং একই অঙ্গীকার বজায় রাখার মধ্যে এমনটি সংগঠন হিসেবে BWA এ ভিন্নতাকে সম্মানের দৃষ্টিতে দেখে ও এর দ্বারা আশীর্বাদ প্রাপ্ত হতে চায়, অর্থাৎ এ ভিন্নতা যেন সহভাগিতাকে বিশিষ্ট করে তোলে।

৭। আমাদের বিশাল ভিন্নতার প্রেক্ষিতেও ঐক্যের প্রতি BWA এর বিশ্বব্যাপী অঙ্গীকারে মহত্তর একটি দিক হল বিভিন্ন জায়গার ভোটারবৃন্দের মধ্যে উন্মুক্ত সংলাপের সুযোগ উন্মুক্ত করে দেওয়া যেন BWA সদস্যপদ গঠিত হতে পারে। এই সুযোগ উন্মুক্ত করে দেওয়ার ফলে BWA বিভিন্ন বাইবেলীয়, ধর্মতাত্বিক এবং সুদক্ষ দৃষ্টিভঙ্গীর ফল সংগ্রহ করতে পারে। এগুলো সদস্যরাই স্বতন্ত্রভাবে BWA সম্মেলনগুলিতে স্পষ্টভাবে উচ্চারণ করে। নতুন নতুন দৃষ্টিভঙ্গী প্রকাশ

---

[১] Preamble to BWA Constitution.

[২] BWA Vision Statement developed by the 21st Century Committee and adopted at the 19th Baptist World Congress in Birmingham in 2005.

[৩] The statement on BWA clusters of commitment emerged in the deliberations of the 21st Century Committee.

[৪] "Preamble" to BWA Constitution as approved at the inaugural congress in 1905. See *The Baptist World Congress, London, July 11-19, 1905: Authorised Record of Proceedings*, (London: Baptist Union Publication Department, 1905): 330-31.

[৫] ১ করি ১২:১২,২৭, রোমীয় ১২:৪.

এবং সংস্কৃতিগত প্রকাশের মধ্য দিয়ে, আমাদের বিশ্বাস যে একটি দান, তা উদারভাবে শেয়ার করা হয় এবং BWA এর মধ্যে গ্রহণ করা হয়।

৮। যাহোক, আমাদের বিশাল ভিন্নতার মধ্যেও উন্মুক্ত সংলাপ ও আন্তরিক যোগাযোগের ক্ষেত্রে BWA এর অঙ্গীকার সম্ভবত: ঐক্যের প্রতি আরও একটি বৃহত্তর চ্যালেঞ্জ উপস্থিত করে আমরা এ ঐক্য বজায় রাখার জন্য আহুত হয়েছি।[৬]এ চ্যালেঞ্জ আসে এমন আকারে যে, সেটি সুস্পষ্টভাবে সুনির্দিষ্টভাবে সাধারণত: বোঝা কঠিন হয়, যেমন ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করা, বিশেষভাবে এক ভাষা থেকে যখন অনেক ভাষায় সেটি অনুবাদ করা হয়। এই চ্যালেঞ্জটি আরও তীব্রতর হয় যখন সদিচ্ছা পোষণকারী ব্যক্তিবর্গ বাইবেলীয়, সংস্কৃতিগত, ইতিহাসগত অথবা ধর্মতাত্বিক পার্থক্য এবং সংবেদনশীলতা বোঝেনা এবং তা সম্পূর্ণভাবে মেনেও নেয় না অথচ দৃষ্টিভঙ্গীগুলো BWA পরিবারের বিভিন্ন সদস্যদের দ্বারাই উচ্চারিত হয়েছে।

৯। BWA এর মধ্যে ঐক্য বজায় রাখার অঙ্গীকার এবং সাথে সাথে ভিন্নতা বৈশিষ্টসূচক আন্দোলনকে সম্মানের দৃষ্টিতে দেখা এ বিষয়গুলি ইতিবাচক কিছু পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বরোপ করে যেন আমাদের ঐক্য আরও সুদৃঢ় হয় এবং ভুল বোঝাবুঝির সম্ভাবনা কমে যায়। এটা মনে রেখেই BWA নিম্নের নীতিমালা ও নির্দেশাবলী ঘোষণা করেছে যেন BWA এ মিটিংগুলোতে যোগদানকারী ব্যাপ্টিষ্টদের মধ্যে এগুলো আলোচনা হয় এবং BWA এর কাজের বিষয়ে শেয়ারিং হয়।

## নীতিমালা ও নির্দেশাবলী ঃ

১। "ঈশ্বরকে সঙ্গে নিয়ে সব কিছু করা সম্ভব" [৭] আর যীশু খ্রীষ্টকে ছাড়া আমরা কিছু করতে পারি না। [৮]সুতরাং BWA এর সব মিটিংগুলো আরাধনা, ঈশ্বরের উপস্থিতি ও তাঁর নেতৃত্ব স্বীকার করার মধ্য দিয়েই হয়।

২। খ্রীষ্টিয়ানেরা সীমাবদ্ধ জীব- আর পাপীরা অনুগ্রহ দ্বারা পরিত্রাণ প্রাপ্ত [৯]। তাই আমাদের জ্ঞান ও উপলব্ধি যে একেবারে সঠিক ও সম্পূর্ণ এবং তাতে কোন ভুল নেই এমনটি আমরা ধরে নিতে পারি না। একারণে আমাদের মতামত এবং দৃষ্টিভঙ্গী অবশ্যই নম্রতার সাথে প্রদান করা হবে এবং আমাদের কথা বলা ও অন্যদের কথা শোনার জন্য পবিত্র আত্মার পরিচালনা যাঞ্চা করা হবে।

৩। সব মানুষই ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট হয়েছে [১০]। খ্রীষ্টেতে আমরা তাঁর প্রতিমূর্তির অনুরূপ হয়েছি[১১] এবং খ্রীষ্টের দেহের সঙ্গে সহভাগিতা রক্ষা করছি [১২]। আমরা পুরুষ, মহিলা, সকল মানুষের মর্যাদাকে দৃঢ়ভাবে স্বীকার করি কারণ তারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট এবং পবিত্র হবার জন্য আহুত [১৩]। এছাড়া খ্রীষ্টের দেহের সদস্য হিসেবে আমরা একে অন্যের অধীনে রয়েছি [১৪]। BWA সদস্যগণ কোন বিষয় সম্বন্ধে অথবা তারা যে পদে আসীন আছে যে সম্বন্ধে তারা যতই আবেগপ্রবণ হোন না কেন, কথাবার্তা বা সংলাপ সর্বদা নীতিমালার ভিত্তিতেই হবে, কোন ব্যক্তি, সংস্কৃতি, অঞ্চল, দেশ বা ধর্ম সম্প্রদায়ের ভিত্তিতে হবেনা। আমাদের কথাবার্তা, সংলাপ এবং বিতর্কসমূহ কখনই কোন ব্যক্তি, মানবতা অথবা কারও খ্রীষ্টিয় বিশ্বাস ও অঙ্গীকারকে আক্রমণ করে অধ:পতিত করবেনা। [১৫]

৪। আমরা সকলে একটি বিশ্বাসী পরিবারবর্গের সদস্য [১৬]। আমরা ঘোষণা করি যে, পবিত্র আত্মার মধ্য দিয়ে যারা ঈশ্বরের লোক হিসেবে মন্ডলীর এই গতিময় শিষ্যত্বের সহভাগী হয়, তাদের সাথে আমরা পারস্পারিক নির্ভরতার অভিজ্ঞতা লাভ করি [১৭]। ব্যাপ্টিষ্ট বিশ্বাসীবর্গের একটি বিশ্ব সম্প্রদায় হিসেবে আমরা অসম্পূর্ণ থাকি যদি না আমরা শোনার জন্য, বোঝার জন্য দারুনভাবে চেষ্টা না করি এবং অন্যান্যদের দ্বারা প্রতিফলিত ভিন্ন ভিন্ন চিন্তাধারাগুলোকে সম্মান করি, বিশেষভাবে ভিন্ন ভিন্ন সংস্কৃতির সব লোকদেরকে, যারা বস্তুগত দারিদ্রতার, ঔপনিবেশিকতার ও সাম্রাজ্যবাদের শিকার হয়ে প্রান্তিক অবস্থায় পৌঁছেছে। তাই আমরা সেসব অনুশীলন ও কথাবার্তাগুলো যথাসাধ্য এড়িয়ে যেতে চেষ্টা করি

---

[৬] ইফি ৪:৩.
[৭] মথি ১৯:২৬.
[৮] যোহন ১৫:৫.
[৯] ইফি ২:৫,৮, ১করি ১৩:৯.
[১০] আদি ১:২৬-২৭.
[১১] রোমীয় ৮:২৯.
[১২] রোমীয় ১২:৪-৫.
[১৩] BWA Centennial statement # 11.
[১৪] রোমীয় ১২:৫.
[১৫] কলসিয় ৪:৬.
[১৬] গালাতীয় ৬:১০.
[১৭] BWA Centennial statement # 8.

যাতে নির্দিষ্ট কোন একটি সংস্কৃতির দৃষ্টিভঙ্গি BWA এর মান নির্ধারণের অভিজ্ঞতার ক্ষেত্রে অথবা সকল সদস্যদের জন্য ধর্মতাত্ত্বিক দৃষ্টিভঙ্গী প্রদান করার ক্ষেত্রে স্থায়ীভাবে কর্তৃত্ব করতে না পারে।

৫। BWA এর সদস্যগণ ভাষার তালন্ত বা দানকে সাধুবাদ জানায়, এটি আমাদের বিশাল ভিন্নতারই প্রতিফলন। কারও পরিচয়ের নির্দেশক হল ভাষা, আর এটি যে কারও ইতিহাস ও সংস্কৃতিকে স্বীকৃতি দেয়। সদস্যগণ যাতে তাদের নিজস্ব ভাষায় কথা বলতে পারে ও শুনতে পারে এজন্য BWA আরও বৃহত্তর সুযোগ ও সহযোগিতা প্রদানের বিষয়টির প্রয়োজনীয়তা উপলব্ধি করে [১৮]। এটি সম্পন্ন করার জন্য BWA বিভিন্ন ধরণের উপকরণ যোগান দিতে চেষ্টা করে যা আমাদের মিটিংগুলোতে বিভিন্ন ভাষায় যথাযথ যোগাযোগ রক্ষার ক্ষেত্রে অবদান রাখতে পারে।

৬। আমরা একে অন্যকে ভালবাসার জন্য আহুত হয়েছি[১৯]। এর দ্বারা আমরা দেখাই যে, আমরা খ্রীষ্টের শিষ্য [২০]। আমরা সত্যিকারের ঐক্যে এবং সহভাগিতায় বিশ্বাস করি। আর সেটি কখনই অর্জন করা সম্ভব নয় যতক্ষণ না আমাদের সম্পর্ক এমন একটি পর্যায়ে পৌছায়, যেখানে একে অন্যকে সম্মান করে, যত্ন নেয় ও চিন্তা করে। তাই BWA সম্মেলনে যে প্রতিনিধিরা যোগদান করে, তারা ভিতরে ও বাইরে উভয় মিটিংগুলোতে চিন্তাশীল ও প্রার্থনাশীল কথাবার্তাগুলোর মধ্য দিয়ে স্থায়ী ও অর্থপূর্ণ সম্পর্ক খুঁজে পেতে চেষ্টা করে।

৭। আমরা স্বীকার করি যে, ব্যাপ্টিষ্টরা "সত্যকে" প্রতিষ্ঠিত করে এমন সব বিষয়গুলোর উপরে ব্যাপকভাবে তাদের মতামত ও দৃষ্টিভঙ্গী রাখার ক্ষেত্রে সুপরিচিত। তা সত্ত্বেও আমরা একে অন্যকে ভালবাসি ও গ্রহণ করি [২১]। যখন আমরা দেখি যে, কোন একটি মতামত বা দৃষ্টিভঙ্গি দারুনভাবে ত্রুটিপূর্ণ হয়েছে তখন আমরা তাকে আগন্তুক বা শত্রু হিসেবে মনে না করে বরং তাকে আমাদের প্রিয় পরিবারের একজন সদস্য হিসেবে মনে করে চ্যালেঞ্জ করে থাকি। শুধু তাই নয়, যেকোন ভুলের সংশোধন অবশ্যই ভালবাসার সাথে করা হয়ে থাকে। [২২]

৮। আমরা একে অন্যের স্বার্থ রক্ষার চেষ্টায় অঙ্গীকারাবদ্ধ [২৩]। সুতরাং আমরা উৎসাহ দেই এবং আশা করি যে, কোন পরিস্থিতিতে যখন কোন ব্যক্তির চিন্তাধারা বা দৃষ্টিভঙ্গি স্পষ্টভাবে উচ্চারিত বা উপলব্ধি না করা হয়, সম্ভবত: সেটি ভাষা বা সংস্কৃতিগত বাধার কারণে হতে পারে, তবে যিনি মডারেটর হিসেবে মিটিং পরিচালনা করেন, তিনি তার বুদ্ধিমত্তা ও সম্মানসহ বক্তাকে সুযোগ করে দেবেন যেন তিনি তা সে ব্যক্তির পক্ষে তার উচ্চারিত কথাগুলো স্পষ্টভাবে বুঝিয়ে দেন। এটি উক্ত ব্যক্তির উচ্চারিত কথা বা চিন্তাধারা সম্বন্ধে ভুল ধারণা দূর করে দেবে এবং প্রত্যাশিত সঠিক অর্থ বোঝার ক্ষেত্রে অবদান রাখবে। আমাদের মিটিং চলাকালে প্রত্যেক ব্যক্তি যারা কথা বলবেন, তাদের কথার মাঝখানে কেউ বাধার সৃষ্টি করবেন না, তিনি স্বাধীনভাবেই তার বিষয়টির সুন্দর সমাপ্তি টানতে পারবেন, তবে শুধু মিটিংয়ের মডারেটর প্রয়োজন বোধে এবং মিটিংয়ের ডেকোরাম ভঙ্গ করা হচ্ছে বলে মনে হলে কথা বলতে পারবেন।

৯। আমাদের সম্মেলনে, সবকিছুই শালীনতার সাথে নিয়ম-শৃংখলার সাথে করা হবে [২৪]। সকল অংশগ্রহণকারীগণ মডারেটরের কর্তৃত্বের প্রতি সম্মান দেখাবেন এবং ভিন্নতাকে সম্মানের চোখে দেখবেন এবং ঐক্য বজায় রাখবেন যা BWA পরিবারের প্রতি পবিত্র আত্মার দান।

---

[১৮] প্রেরিত ২:৫-১২.
[১৯] যোহন ১৩:৩৪, ১যোহন ৪:৭-১২.
[২০] যোহন ১৩:৩৫.
[২১] রোমীয় ১৫:৭.
[২২] ইফি ৪:১৫.
[২৩] ফিলিপীয় ২:৪.
[২৪] ১ করি ১৪:৪০.